গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের দপ্তর

# মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর

স্থাপিত: ১৯৪৮ খ্রি.
কলেজ কোড: [উচ্চ মাধ্যমিক-৫৫০০] [জাতীয় বিশ্ববিদ্যালয়- ৬৩০১]
ফোন: +৮৮০২৪৭৮৮১০১২৪, ওয়েব-সাইট: www.mgc.ac.bd
EIIN: 110785
E-mail: gnc_edu@yahoo.com, mgc2020edu@gmail.com

তারিখ: ১৮/০৭/২০২৪ খ্রি.

## নোটিশ

মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর-এর উচ্চমাধ্যমিক/স্নাতক/স্নাতকোত্তর শ্রেণির শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, **জাতীয় শোক দিবস ২০২৪ পালন** উপলক্ষ্যে **'আমার চোখে বঙ্গবন্ধু'** শীর্ষক জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে ০১ (এক) মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরির প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে (কপি সংযুক্ত)। আগ্রহী শিক্ষার্থীদেরকে ভিডিও চিত্র তৈরি করে আগামী ১৪ আগস্ট ২০২৪ খ্রি. তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, মাদারীপুর সদর ও অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মাদারীপুর- এর নেতৃত্তত্বাধীন কমিটির নিকট প্রেরণ করার জন্য নির্দেশ দেয়া হলো।

উল্লেখ্য ভিডিও চিত্র তৈরির সংযুক্ত নির্দেশনা পত্র অনুযায়ী ভিডিও চিত্র তৈরির জন্য বলা হলো।

**(প্রফেসর মোঃ জামান মিয়া)**
আইডি নং-১৮৬২
অধ্যক্ষ
মাদারীপুর সরকারি কলেজ
মাদারীপুর।

প্রফেসর মোঃ জামান মিয়া
আইডি নং-১৮৬২
অধ্যক্ষ
মাদারীপুর সরকারি কলেজ
মাদারীপুর।

প্রে/স
আবু সংশ্লিষ্ট সোশ্যিঙের বাইরে — প্রিচ লিখা প্রক্রিয়া
১৮/৭/২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

নথি নং- ৩৭.০২.০০০০.১০১.৯৯.০৪৫.১৯- ৯৩১৮৯/৯

তারিখ: ১৪/০৭/২০২৪ খ্রি.

বিষয়: জাতীয় শোক দিবস ২০২৪ পালন উপলক্ষ্যে 'আমার চোখে বঙ্গবন্ধু' শীর্ষক উপজেলা, সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা), জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিওচিত্র তৈরির প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় কমিটি'র সভার সিদ্ধান্ত প্রতিপালন।

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং- ০৪.০০.০০০০.৫১৪.৯৯.০০১.২৪.৪৬৬; তারিখ: ০৯ জুলাই ২০২৪ খ্রি.
(২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৫.৩৪.০২৮.১৮.১৪৩; তারিখ: ১১ জুলাই ২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগে গত ০৯ জুলাই ২০২৪ তারিখে জাতীয় শোক দিবস ২০২৪ পালন উপলক্ষ্যে 'আমার চোখে বঙ্গবন্ধু' শীর্ষক উপজেলা, সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা), জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিওচিত্র তৈরির প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জীবন ও দর্শনকে উপজীব্য করে 'আমার চোখে বঙ্গবন্ধু' শীর্ষক এক মিনিটব্যাপী ভিডিওচিত্র তৈরির প্রতিযোগিতা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। প্রতিযোগিতায় সকল স্কুল-কলেজ ও তদূর্ধ্ব পর্যায়ের ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে। এ লক্ষ্যে তার আওতাধীন শিক্ষা-প্রতিষ্ঠানসমূহকে প্রতিযোগিতার বিষয়বস্তু ও সময়সূচি অবহিত করা এবং প্রতিযোগিতায় শিক্ষার্থীদের ব্যাপক অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০৬ পাতা।

২৪/৭/২৪

(বিপুল চন্দ্র বিশ্বাস)
উপপরিচালক (সাধারণ প্রশাসন)
ফোন : ০২-৪১০৫২১৭৩
dd-admin@dshe.gov.bd

বিতরণ:

১। পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ...................অঞ্চল (সকল)

২। উপপরিচালক
বিদ্যালয় ও পরিদর্শন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ....................অঞ্চল (সকল)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২) পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং এন্ড ইভালুয়েশন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৩) অধ্যক্ষ, সরকারি/ বেসরকারি কলেজ/সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (সকল);
৪) জেলা শিক্ষা অফিসার (সকল);
৫) প্রধান শিক্ষক, সরকারি/ বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল);
৬) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (মাউশি'র ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ);
৮) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৯) সংরক্ষণ নথি।

সময় নির্ধারিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
shed.gov.bd

২৭ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১১ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩৭.০০.০০০০.০৬৫.৩৪.০২৮.১৮.১৪৩

**বিষয়: জাতীয় শোক দিবস ২০২৪ পালন উপলক্ষ্যে 'আমার চোখে বঙ্গবন্ধু' শীর্ষক উপজেলা, সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা), জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিওচিত্র তৈরির প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি'র সিদ্ধান্ত প্রতিপালন।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.৯৯.০০১.২৪.৪৬৬; তারিখ: ০৯ জুলাই ২০২৪

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগে গত ০৯ জুলাই ২০২৪ তারিখে জাতীয় শোক দিবস ২০২৪ পালন উপলক্ষ্যে 'আমার চোখে বঙ্গবন্ধু' শীর্ষক উপজেলা, সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা), জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিওচিত্র তৈরির প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জীবন ও দর্শনকে উপজীব্য করে 'আমার চোখে বঙ্গবন্ধু' শীর্ষক এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরির প্রতিযোগিতা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। প্রতিযোগিতায় সকল স্কুল-কলেজ ও তদূর্ধ্ব পর্যায়ের ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে। এ উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভায় কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী নিম্নোক্ত নির্দেশনা ও তারিখসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো:

**ক) ১৪ জুলাই, ২০২৪ এর মাঝে কার্যবিবরণী/ গুগল ড্রাইভে প্রদত্ত বিজ্ঞপ্তি সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ;**

**খ) উপজেলা এবং সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা) এলাকার প্রতিযোগিতায় অংশ নেয়া শিক্ষার্থীগণ কর্তৃক ভিডিওচিত্র ১৪ আগস্ট ২০২৪ এর মধ্যে যথাক্রমে উপজেলা নির্বাহী অফিসার ও অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এর নেতৃত্বাধীন কমিটির নিকট প্রেরণ এবং প্রাপ্ত ভিডিওচিত্র সমূহ মূল্যায়ন করে ১৯ আগস্ট ২০২৪ এর মাঝে জেলা পর্যায়ের বাছাই কমিটির নিকট প্রেরণ;**

**গ) জেলা পর্যায়ের বাছাই কমিটি প্রাপ্ত ভিডিওচিত্র সমূহ মূল্যায়ন করে ২২ আগস্ট ২০২৪ মাঝে বিভাগীয় পর্যায়ের বাছাই কমিটি নিকট প্রেরণ;**

**ঘ) বিভাগীয় পর্যায়ের বাছাই কমিটি জেলা পর্যায় থেকে প্রাপ্ত ভিডিওচিত্র সমূহ মূল্যায়ন করে ২৭ আগস্ট ২০২৪ এর মাঝে জাতীয় পর্যায়ের বাছাই কমিটি নিকট প্রেরণ করতে হবে।**

**উল্লিখিত সময়সীমার মাঝে প্রতিযোগিতা আয়োজন ও মূল্যায়ন করে পরবর্তী পর্যায়ের বাছাই কমিটির কাছে প্রেরণ নিশ্চিত করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুরোধ জানানো হয়েছে।**

০২। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগ হতে গত ০৯ জুলাই, ২০২৪ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্তণালয় কমিটির সভার কার্যবিবরণীর আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

১১-০৭-২০২৪
সীমা রানী ধর
উপসচিব
২৫৫১০১০৮৫
sas_s4@moedu.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং

২। মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

**স্মারক নম্বর:** ৩৭.০০.০০০০.০৬৫.৩৪.০২৮.১৮.১৪৩/১ (৫)

তারিখ: ২৭ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
১১ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;

২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;

৩। সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;

৪। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং

৫। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

১১-০৭-২০২৪
সীমা রানী ধর
উপসচিব

**সকল সংযুক্তিসমূহ:**

(১) জাতীয় শোক দিবস ২০২৪ আন্ত মন্ত্রণালয় সভার কার্যবিবরণী

(২) মন্ত্রিপরিষদ বিভাগের বিবেচ্যপত্র

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা

জাতীয় শোক দিবস ২০২৪ পালন উপলক্ষ্যে 'আমার চোখে বঙ্গবন্ধু' শীর্ষক উপজেলা, সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা), জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিওচিত্র তৈরির প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি'র সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মাহমুদুল হোসাইন খান<br>সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ |
| সভার তারিখ | ০৯ জুলাই ২০২৪ |
| সভার সময় | সকাল ১১:০০টা |
| স্থান | মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষ (কক্ষ নম্বর-২২, নিচ তলা, ভবন নম্বর-০২) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করা হয়। সভাপতি সভাকে অবহিত করেন যে, স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর রাজনৈতিক দর্শন, আদর্শ, কর্মজীবনের অনুপ্রেরণা কোমলমতি ছাত্র-ছাত্রীদের মাঝে ছড়িয়ে দেওয়ার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে **'আমার চোখে বঙ্গবন্ধু'** বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিওচিত্র তৈরির প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। ছাত্র-ছাত্রীরা 'আমার চোখে বঙ্গবন্ধু' বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিওচিত্র তৈরি প্রতিযোগিতায় অংশগ্রহণের মধ্য দিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ব্যক্তি ও শিক্ষা জীবন, রাজনৈতিক জীবন, স্বাধীনতা সংগ্রামে তাঁর আত্মত্যাগ, সোনার বাংলা বিনির্মাণে তাঁর চেতনা ও দর্শন, আন্তর্জাতিক ক্ষেত্রে তাঁর ভাবমূর্তি এবং শোকাবহ ১৫ আগস্ট সম্পর্কে ধারণা লাভ করতে পারবে। জাতীয় শোক দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে **'আমার চোখে বঙ্গবন্ধু'** বিষয়ে উপজেলা, সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা), জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিওচিত্র তৈরির প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করা হয়। এ বিষয়ে আন্তঃমন্ত্রণালয় কমিটি'র সদস্য জনাব মোহাম্মদ খোরশেদ আলম খান সভার কার্যপত্র উপস্থাপন করেন।

০২। উপজেলা, সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা), জেলা এবং বিভাগীয় পর্যায়ে **'আমার চোখে বঙ্গবন্ধু'** বিষয়ে ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে ০৩টি গ্রুপে (ক. প্রাথমিক ও সমপর্যায়, খ. মাধ্যমিক ও সমপর্যায় এবং গ. উচ্চ মাধ্যমিক ও সমপর্যায় এবং তদূর্ধ্ব) এক মিনিটব্যাপী ভিডিওচিত্র তৈরির প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। উপজেলা, সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা), জেলা, বিভাগীয় এবং জাতীয় পর্যায়ের উক্ত প্রতিযোগিতা আয়োজনের জন্য বাছাই কমিটি গঠন এবং কমিটির কর্মপরিধি নির্ধারণের বিষয়েও আলোচনা হয়। সভায় উপস্থিত সদস্যগণ উপজেলা এবং সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা) হতে জাতীয় পর্যায় পর্যন্ত ভিডিও তৈরির প্রতিযোগিতাটি ৩১ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে সমাপ্ত করার বিষয়ে অভিমত ব্যক্ত করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ ভিডিও তৈরির প্রতিযোগিতাটি যথাযথ এবং সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সংশ্লিষ্টদের নিয়ে উপজেলা, সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা), জেলা, বিভাগীয় এবং জাতীয় পর্যায়ের বাছাই কমিটি গঠনের ওপর গুরুত্বারোপ করেন।

সভায় জাতীয় শোক দিবস ২০২৪ পালন উপলক্ষ্যে '**আমার চোখে বঙ্গবন্ধু**' বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিওচিত্র তৈরি করার প্রতিযোগিতা আয়োজনের নিমিত্ত উপজেলা, সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা), জেলা এবং বিভাগীয় কার্যালয় ও জাতীয় কমিটির জন্য বরাদ্দ প্রদানের বিষয়ে আলোচনা হয়। এক্ষেত্রে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ প্রদান করার জন্য যুগ্মসচিব, পরিকল্পনা ও বাজেট অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ-কে ইউ.ও.নোট প্রেরণ করার বিষয়ে আলোচনা উত্থাপিত হয়।

বিস্তারিত আলোচনান্তে '**আমার চোখে বঙ্গবন্ধু**' বিষয়ে উপজেলা, সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা), জেলা, বিভাগীয় ও জাতীয় পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিওচিত্র তৈরির প্রতিযোগিতা আয়োজনের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

০৩। সিদ্ধান্ত:

৩.১। উপজেলা, সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা), জেলা, বিভাগীয় এবং জাতীয় পর্যায়ে সংশ্লিষ্ট কমিটি কর্তৃক '**আমার চোখে বঙ্গবন্ধু**' বিষয়ে ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে ০৩টি গ্রুপে (ক. প্রাথমিক ও সমপর্যায় খ. মাধ্যমিক ও সমপর্যায় এবং গ. উচ্চ মাধ্যমিক ও সমপর্যায় ও তদুর্ধ্ব) এক মিনিটব্যাপী ভিডিওচিত্র তৈরির প্রতিযোগিতা আয়োজন করতে হবে।

৩.২। নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী ভিডিওচিত্র নির্মাণ করতে হবে:

ক) ভিডিও ধারণের ক্ষেত্রে যেকোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;

খ) মোবাইলে ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে;

গ) ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক;

ঘ) ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে;

ঙ) ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে;

চ) কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে;

ছ) ভিডিও'র ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে;

জ) ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে, যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়;

ঝ) ভিডিও'র মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে;

ঞ) বাংলা ভাষায় ভিডিওচিত্র নির্মাণ করতে হবে;

ট) দলীয় ভিডিও'র ক্ষেত্রে সদস্য সংখ্যা ৫ জনের বেশি হতে পারবে না। এ'ক্ষেত্রে পুরস্কারের অর্থ সমহারে সদস্যদের মাঝে বণ্টন করা হবে।

ঠ) উপজেলার ক্ষেত্রে ভিডিওসমূহ মেইল/পেন ড্রাইভ/ড্রাইভ লিঙ্কের মাধ্যমে **১৪ আগস্ট ২০২৪** তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট প্রেরণ করতে হবে। তবে, এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে;

ড) সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা) এলাকার ভিডিওসমূহ মেইল/পেনড্রাইভ/ড্রাইভ-লিঙ্কের মাধ্যমে **১৪ আগস্ট ২০২৪** তারিখের মধ্যে সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা), পর্যায়ের বাছাই কমিটির সভাপতি অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) বরাবর প্রেরণ করতে হবে। এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে;

ঢ) ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।

ণ) YouTube Link- www.youtube.com/@AmarChokhe_Bangabandhu এ নমুনা ভিডিও আপলোড করা আছে। লিংক থেকে ধারণা নেয়া যাবে, তবে ইউটিউবে আপলোড করা ভিডিও'র প্রতিরূপ তৈরি করা থেকে বিরত থাকতে হবে।

## ৩.৩। উপজেলা পর্যায়ের বাছাই কমিটি:

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ৩. | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৪. | অফিসার ইনচার্জ (সংশ্লিষ্ট থানা) | সদস্য |
| ৫. | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত একজন বীর মুক্তিযোদ্ধা | সদস্য |
| ৬. | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত সুশীল সমাজের একজন প্রতিনিধি | সদস্য |
| ৭. | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট বিষয়ে একজন বিশেষজ্ঞ | সদস্য |
| ৮. | সহকারী প্রোগ্রামার (কোন উপজেলায় সহকারী প্রোগ্রামার না থাকলে কমিটি'র সদস্যদের মধ্য হতে কমিটির সভাপতি যে-কোন একজনকে সদস্য-সচিব-এর দায়িত্ব প্রদান করতে পারবেন) | সদস্য-সচিব |

### উপজেলা পর্যায়ের বাছাই কমিটির কার্যপরিধি:

ক) উপজেলা পর্যায়ের স্কুল-কলেজ, মাদ্রাসা, কারিগরি শিক্ষা-প্রতিষ্ঠান এবং বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের মাধ্যমে প্রতিযোগিতার আয়োজন করতে হবে;

খ) সর্বোচ্চ-সংখ্যক প্রতিযোগীর অংশগ্রহণ নিশ্চিত করার জন্য বিষয়টি ব্যাপক প্রচার করতে হবে;

গ) উপজেলা পর্যায়ের বাছাই কমিটি কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে উপজেলা পর্যায়ে প্রতিটি গ্রুপ থেকে ১ম, ২য় এবং ৩য় স্থান নির্ধারণক্রমে আনুষ্ঠানিকভাবে পুরস্কার প্রদান করতে হবে এবং প্রতিটি গ্রুপ থেকে প্রথম স্থান অর্জনকারীদের নাম এবং ভিডিওসমূহ মেইল/পেন-ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে **১৯ আগস্ট ২০২৪** তারিখের মধ্যে জেলা পর্যায়ের বাছাই কমিটি'র নিকট প্রেরণ করতে হবে;

ঘ) প্রতিযোগিতা আয়োজনের নিমিত্ত ব্যাপক প্রচারের লক্ষ্যে বিজ্ঞপ্তিটি (সংযুক্ত নমুনা মোতাবেক) আগামী **১৪ জুলাই ২০২৪** তারিখের মধ্যে উপজেলার সকল শিক্ষা-প্রতিষ্ঠানে প্রেরণ করতে হবে; এবং

ঙ) কমিটি প্রয়োজনে যে-কোন সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

## ৩.৪। সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা) পর্যায়ের বাছাই কমিটি:(প্রযোজ্য ক্ষেত্রে)

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | সভাপতি |
| ২. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ৩. | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত একজন বীর মুক্তিযোদ্ধা | সদস্য |
| ৪. | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত সুশীল সমাজের একজন প্রতিনিধি | সদস্য |

| | | |
|---|---|---|
| ৫. | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট বিষয়ে একজন বিশেষজ্ঞ | সদস্য |
| ৬. | জেলা শিক্ষা অফিসার | সদস্য-সচিব |

**<u>সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা) পর্যায়ের বাছাই কমিটির কার্যপরিধি</u>: (প্রযোজ্য ক্ষেত্রে)**

ক) সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা) এলাকার স্কুল-কলেজ, মাদ্রাসা, কারিগরি শিক্ষা-প্রতিষ্ঠান এবং বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের মাধ্যমে প্রতিযোগিতার আয়োজন করতে হবে;

খ) সর্বোচ্চ-সংখ্যক প্রতিযোগীর অংশগ্রহণ নিশ্চিত করার জন্য বিষয়টি ব্যাপক প্রচার করতে হবে;

গ) সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা) পর্যায়ের বাছাই কমিটি কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা) পর্যায়ে প্রতিটি গ্রুপ থেকে ১ম, ২য় এবং ৩য় স্থান নির্ধারণক্রমে আনুষ্ঠানিকভাবে পুরস্কার প্রদান করতে হবে এবং প্রতিটি গ্রুপ থেকে প্রথম স্থান অর্জনকারীদের নাম এবং ভিডিওসমূহ মেইল/পেন-ড্রাইভ/ড্রাইভ লিঙ্কের মাধ্যমে **১৯ আগস্ট ২০২৪** তারিখের মধ্যে জেলা পর্যায়ের বাছাই কমিটি'র নিকট প্রেরণ করতে হবে;

ঘ) প্রতিযোগিতা আয়োজনের নিমিত্ত ব্যাপক প্রচারের লক্ষ্যে বিজ্ঞপ্তিটি (সংযুক্ত নমুনা মোতাবেক) আগামী **১৪ জুলাই ২০২৪** তারিখের মধ্যে সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা) এলাকার সকল শিক্ষা-প্রতিষ্ঠানে প্রেরণ করতে হবে; এবং

ঙ) কমিটি প্রয়োজনে যে-কোন সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

## ৩.৫। <u>জেলা পর্যায়ের বাছাই কমিটি:</u>

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | সভাপতি |
| ২. | পুলিশ সুপার | সদস্য |
| ৩. | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৪. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ৫. | সিনিয়র তথ্য অফিসার | সদস্য |
| ৬. | প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর | সচিব |
| ৭. | জেলা কালচারাল অফিসার | সদস্য |
| ৮. | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত একজন বীর মুক্তিযোদ্ধা | সদস্য |
| ৯. | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত সুশীল সমাজের একজন প্রতিনিধি | সদস্য |
| ১০. | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট বিষয়ে একজন বিশেষজ্ঞ | সদস্য |
| ১১. | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত একজন অতিরিক্ত জেলা প্রশাসক | সদস্য-সচিব |

<u>জেলা পর্যায়ের বাছাই কমিটির কার্যপরিধি:</u>

ক) উপজেলা/সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা) পর্যায়ের বাছাই কমিটি থেকে প্রাপ্ত ভিডিওক্লিপসমূহ নিয়ে জেলা পর্যায়ের মূল্যায়ন সম্পন্ন করতে হবে;

খ) জেলা পর্যায়ের বাছাই কমিটি কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে জেলা পর্যায়ের প্রতিটি গ্রুপ থেকে ১ম, ২য় এবং ৩য় স্থান নির্ধারণক্রমে আনুষ্ঠানিকভাবে পুরস্কার প্রদান করতে হবে এবং প্রতিটি গ্রুপ থেকে প্রথম স্থান অর্জনকারীদের নাম এবং ভিডিওসমূহ মেইল/পেন-ড্রাইভ/ড্রাইভ লিঙ্কের মাধ্যমে **২২ আগস্ট ২০২৪**

তারিখের মধ্যে বিভাগীয় পর্যায়ের বাছাই কমিটি'র নিকট প্রেরণ করতে হবে;

গ) কমিটি প্রয়োজনে যে-কোন সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

## ৩.৬। বিভাগীয় পর্যায়ের বাছাই কমিটি:

| | | |
|---|---|---|
| ১. | বিভাগীয় কমিশনার | সভাপতি |
| ২. | উপ-পুলিশ মহাপরিদর্শক (ডিআইজি)/মেট্রোপলিটন পুলিশ কমিশনার | সদস্য |
| ৩. | পরিচালক/উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৪. | উপপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৫. | বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত একজন বীর মুক্তিযোদ্ধা | সদস্য |
| ৬. | বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত সুশীল সমাজের একজন প্রতিনিধি | সদস্য |
| ৭. | বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট বিষয়ে একজন বিশেষজ্ঞ | সদস্য |
| ৮. | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) | সদস্য-সচিব |

### বিভাগীয় পর্যায়ের বাছাই কমিটির কার্যপরিধি:

ক) জেলা পর্যায়ের বাছাই কমিটি থেকে প্রাপ্ত ভিডিওক্লিপসমূহ নিয়ে বিভাগীয় পর্যায়ের মূল্যায়ন সম্পন্ন করতে হবে;

খ) বিভাগীয় পর্যায়ের বাছাই কমিটি কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিভাগীয় পর্যায়ের প্রতিটি গ্রুপ থেকে ১ম, ২য় এবং ৩য় স্থান নির্ধারণক্রমে আনুষ্ঠানিকভাবে পুরস্কার প্রদান করতে হবে এবং প্রতিটি গ্রুপ থেকে প্রথম স্থান অর্জনকারীদের নাম এবং ভিডিওসমূহ মেইল/পেন-ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে **২৭ আগস্ট ২০২৪** তারিখের মধ্যে জাতীয় পর্যায়ের বাছাই কমিটি'র নিকট প্রেরণ করতে হবে;

গ) কমিটি প্রয়োজনে যে-কোন সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

## ৩.৭। জাতীয় পর্যায়ের বাছাই কমিটি:

| | | |
|---|---|---|
| ১. | প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), এসপায়ার টু ইনোভেট (এটু্আই) প্রোগ্রাম | সভাপতি |
| ২. | মোহাম্মদ খোরশেদ আলম খান, যুগ্মসচিব, জেলা ও মাঠ প্রশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ | সদস্য |
| ৩. | অজয় দাশ গুপ্ত, বীরমুক্তিযোদ্ধা, লেখক ও একুশে পদকপ্রাপ্ত সাংবাদিক | সদস্য |
| ৪. | নাসির উদ্দিন ইউসুফ বাচ্চু, বীরমুক্তিযোদ্ধা ও চলচ্চিত্র নির্মাতা | সদস্য |
| ৫. | অমিতাভ রেজা চৌধুরী, নির্মাতাও চলচ্চিত্র পরিচালক | সদস্য |
| ৬. | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়-এর একজন প্রতিনিধি | সদস্য |
| ৭. | বাংলাদেশ টেলিভিশন-এর একজন প্রতিনিধি | সদস্য |
| ৮. | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর-এর একজন প্রতিনিধি | সদস্য |
| ৯. | মো. আব্দুল্লাহ আল যুবায়ের, এইচডিমিডিয়া এক্সপার্ট, এটুআই | সদস্য |
| ১০. | পূরবী মতিন, হিউম্যান ডেভেলপমেন্ট মিডিয়া ম্যানেজার, এটুআই | সদস্য |
| ১১. | মোঃ মামুন, উপসচিব, মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ | সদস্য-সচিব |

### জাতীয় পর্যায়ের বাছাই কমিটির কার্যপরিধি:

ক) বিভাগীয় পর্যায়ের বাছাই কমিটি থেকে প্রাপ্ত ভিডিওক্লিপসমূহ নিয়ে জাতীয় পর্যায়ের মূল্যায়ন সম্পন্ন করতে হবে;

খ) জাতীয় পর্যায়ের বাছাই কমিটি কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে জাতীয় পর্যায়ের প্রতিটি গ্রুপ থেকে ১ম, ২য়

এবং ৩য় স্থান নির্ধারণক্রমে প্রতিটি গ্রুপ থেকে প্রথম স্থান অর্জনকারীদের নামের তালিকা এবং ভিডিওসমূহ মেইল/পেন-ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে **৩১ আগস্ট ২০২৪** তারিখের মধ্যে মূল কমিটি বরাবর প্রেরণ করতে হবে।

গ) কমিটি প্রয়োজনে যে-কোন সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

৩.৮। উপজেলা, সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা), জেলা, বিভাগীয় এবং জাতীয় পর্যায়ে সংশ্লিষ্ট কমিটি কর্তৃক প্রতিযোগীদের নিকট থেকে প্রাপ্ত এক মিনিটব্যাপী ভিডিওচিত্রসমূহের মূল্যায়ন কার্যক্রম নিম্নে বর্ণিত **সময়সূচি** অনুযায়ী সম্পন্ন করতে হবে:

| ক্রমিক | প্রতিযোগিতার পর্যায় | সর্বোচ্চ সময়সীমা |
|---|---|---|
| ১. | উপজেলা/সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা) পর্যায় | ১৯ আগস্ট ২০২৪ তারিখ |
| ২. | জেলা পর্যায় | ২০-২২ আগস্ট ২০২৪ তারিখ |
| ৩. | বিভাগীয় পর্যায় | ২৩-২৭ আগস্ট ২০২৪ তারিখ |
| ৪. | জাতীয় পর্যায় | ২৮-৩১ আগস্ট ২০২৪ তারিখ |

৩.৯। জাতীয় শোক দিবস ২০২৪ পালন উপলক্ষ্যে উপজেলা, সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা), জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে **'আমার চোখে বঙ্গবন্ধু'** শীর্ষক এক মিনিটব্যাপী ভিডিওচিত্র তৈরি করার প্রতিযোগিতা আয়োজনের নিমিত্ত প্রয়োজনীয় বাজেট প্রদানের জন্য মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা এ বিভাগের পরিকল্পনা ও বাজেট অধিশাখায় চাহিদাপত্র প্রেরণ করবে।

৩.১০। প্রচারের জন্য প্রস্তুতকৃত বিজ্ঞপ্তি পরিমার্জন করার জন্য মো. আব্দুল্লাহ আল যুবায়ের, এইচডিমিডিয়া এক্সপার্ট, এটুআই-কে দায়িত্ব প্রদান করা হয়।

৩.১১। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় তার আওতাধীন শিক্ষা-প্রতিষ্ঠানসমূহকে প্রতিযোগিতার বিষয়বস্তু ও সময়সূচি অবহিত করা এবং প্রতিযোগিতায় শিক্ষার্থীদের ব্যাপক অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৩.১২। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় প্রতিযোগিতার বিষয়বস্তু এবং সময়সূচি সরকারি এবং বেসরকারি প্রচার মাধ্যমে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৪। সভায় আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ মাহমুদুল হোসাইন খান
সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.৯৯.০০১.২৪.৪৬৬

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩১
০৯ জুলাই ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

২) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৩) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৪) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

৫) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৬) বিভাগীয় কমিশনার (সকল)

৭) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম

৮) অতিরিক্ত সচিব, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ

৯) অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ

১০) যুগ্মসচিব (সংযুক্ত), ই-গভর্নেন্স অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

১১) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ

১২) যুগ্মসচিব, জেলা ও মাঠ প্রশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

১৩) যুগ্মসচিব (সংযুক্ত) (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা ও বাজেট অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

১৪) যুগ্মসচিব, কর্মসম্পাদন নীতি ও মূল্যায়ণ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

১৫) জেলা প্রশাসক (সকল)

১৬) সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

১৭) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

মোঃ মামুন
উপসচিব

শ্রদ্ধেয় স্যার,

আসসালামু আলাইকুম

জাতীয় শোক দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে শিক্ষার্থীদের অংশগ্রহণে 'আমার চোখে বঙ্গবন্ধু' শীর্ষক এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরির প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় কমিটির কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইতোমধ্যে ই-নথিতে প্রেরণ করা হয়েছে।

বিনীত

মোঃ মামুন

উপসচিব

মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা

মন্ত্রিপরিষদ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ



# আমার চোখে বঙ্গবন্ধু

এক মিনিটব্যাপী ভিডিওচিত্র তৈরির প্রতিযোগিতা

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জীবন ও দর্শনকে উপজীব্য করে 'আমার চোখে বঙ্গবন্ধু' শীর্ষক এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরির প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। প্রতিযোগিতায় সকল স্কুল, কলেজ ও তদূর্ধ্ব পর্যায়ের ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণের জন্য অনুরোধ করা হল।

## প্রতিযোগিতার নিয়মাবলি

- ভিডিও ধারণের ক্ষেত্রে যেকোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;
- মোবাইলে ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে;
- ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক;
- ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে; ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে;
- কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে;
- ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে; বাংলা ভাষায় ভিডিও চিত্র নির্মাণ করতে হবে;
- ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে, যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়;
- ভিডিওর মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে;
- দলীয় ভিডিওর ক্ষেত্রে সদস্য সংখ্যা ৫ জনের বেশি হতে পারবে না। এক্ষেত্রে পুরস্কারের অর্থ সমহারে সদস্যদের মাঝে বন্টন করা হবে।
- উপজেলার ক্ষেত্রে ভিডিও সমূহ মেইল/পেন ড্রাইভ/ড্রাইভ লিঙ্কের মাধ্যমে ২৫ জুলাই ২০২৪ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট প্রেরণ করতে হবে। এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে;
- মেট্রোপলিটন এলাকার ভিডিও সমূহ মেইল/পেন ড্রাইভ/ড্রাইভ লিঙ্কের মাধ্যমে ২৫ জুলাই ২০২৪ তারিখের মধ্যে মেট্রোপলিটন পর্যায়ের বাছাই কমিটির সভাপতি অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) বরাবর প্রেরণ করতে হবে। এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে;
- ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।
- YouTube Link- www.youtube.com/@AmarChokhe_Bangabandhu এ নমুনা ভিডিও আপলোড করা আছে। লিংক থেকে ধারণা নেয়া যাবে, তবে ইউটিউবে আপলোড করা ভিডিওর প্রতিরূপ তৈরি করা থেকে বিরত থাকতে হবে।

ভিডিও জমা দেয়ার শেষ সময়
**২৫ জুলাই ২০২৪**

**ভিজিট করুন**
AmarChokhe_Bangabandhu

অনুরোধক্রমে

-------------------
উপজেলা নির্বাহী অফিসার,
উপজেলা :
জেলা :